
অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদী
দৈনিক
মৌমাছি কণ্ঠ
DAILY MOUMACHI KANTHO
www.mkantho.com
রেজিঃ নং-চ ৪২০: বর্ষ ২৮ ২৩৮ তম সংখ্যা: ২৩আগস্ট ২০২০ইং, ৮ ভাদ্র ১৪২৭ বাংলা, ৪রা মুহাররম

# "শেখ হাসিনার উদ্যোগ-ঘরেঘরে বিদ্যুৎ"

স্বাধীনতার মহান স্থপতি, মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী আজ। শোকাবহ ১৫ই আগস্ট। জাতীয় শোক দিবস। জাতির জন্য কলঙ্কময় এক দিন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট স্বপরিবারে নিহত হয়েছিলেন বাঙালীর এই অবিসংবাদিত নেতা। তাই জাতি গভীর বেদনা ও শ্রদ্ধার সঙ্গে দিনটিকে জাতীয় শোক দিবস হিসাবে পালন করছে। মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সকল স্তরের কর্মকর্তা কর্মচারী আজকের এই দিনকে শোক আর শ্রদ্ধাভরে স্মরণ করছে। একই সাথে শোক দিবসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন ও মহান




আল্লাহতায়ালার নিকট হ... মাগফিরাত কা... রছি। জাতির এই ... প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি নিম্নবর্ণিত কার্যাদি ইতোমধ্যে সম্পন্ন করেছে। স্বর্ণযোগে আলোর গেরিলা : গ্রামের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং স্বল্প সময়ে বিদ্যুৎ বিভ্রাট নিরসনের লক্ষ্য নিয়ে অত্র পবিস কর্তৃক বিগত ০১ (এক) বৎসর যাবত ৪২ টি আলোর গেরিলা টীম গঠণের মাধ্যমে কাজ করে যাচ্ছে। যার কারণে স্বল্প সময়ে গ্রাহক প্রান্তে গিয়ে বিদ্যুৎ সংক্রান্ত যে কোন সমস্যা চিহ্নিত করে দ্রুত সমাধানের ব্যবস্থা করা হচ্ছে। দ্রুততম সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদানসহ জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য প্রতিটি ... অফিসসহ সকল অভিযোগ কেন্দ্রে প্রয়োজনীয় পরিমাণ ট্রান্সফরমার, মিটার, তার ইত্যাদি বৈদ্যুতিক সরঞ্জাম মজুদ রাখা হয়েছে। যে কোন এলাকায় বিদ্যুৎ বিভ্রাট হলে দ্রুততার সাথে সমাধান এবং গ্রাহক প্রান্তে প্রত্যাশিত সেবা নিশ্চিত ও নির্বিঘ্ন রাখার লক্ষ্য নিয়ে সকলকে সেবা প্রদানের উদ্দেশ্যে নিয়ে সমিতিতে ... ঘন্টা ব্যাপী ০৩ শিফটে কাজ করার জন্য টীম গঠণ করা হয়েছে এবং টীমগুলি দিবারাত্রি নিরলস-ভাবে কাজ করে যাচ্ছে। আলোর ফেরিওয়ালা : "মুজিব বর্ষ" উপলক্ষে দ্রুত, দূর্নীতিমুক্ত ও হয়রাণীবিহীন সংযোগ প্রদান ও গ্রাহক সেবা প্রদানের উদ্দেশ্য নিয়ে অত্র পবিস কর্তৃক "আলোর ফেরিওয়ালা" কর্মসূচী গ্রহণ করা হয়। এই কর্মসূচীকে আরো বেগবান করার লক্ষ্যে

গ্রামের সাধারণ গ্রাহকদের দোরগোড়ায় গিয়ে সংযোগের আবেদন গ্রহণ, ওয়্যারিং সম্পন্নকরণ, পিডি গ্রহণ করে সংযোগ প্রদান করা হচ্ছে। স্বল্প সময়ে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করা হচ্ছে যা সর্বমহলে প্রশংসিত। যার কারণে গ্রাহক হয়রাণীসহ দালালদের দৌরাত্ম হ্রাস পেয়েছে। শতভাগ বিদ্যুতায়ন : "শেখ হাসিনার উদ্যোগ-ঘরেঘরে বিদ্যুৎ" এই প্রতিপাদ্যকে অনুসরণ করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয়ের বলিষ্ঠ নেতৃত্বে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন ০৭ (সাত) টি উপজেলা ইতোমধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন হয়েছে। বর্তমান সরকারের আমলে অত্র সমিতির আওতাধীন ০৭ টি উপজেলায় ৪,২২৪ কিঃমিঃ লাইন নির্মাণ করে ২,১৪,৯১৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। আগস্ট '২০২০ এর মধ্যে সকলের ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান : অত্র পবিস-এর আওতাধীন কিছু কিছু এলাকায় নতুন বাড়ীঘর তৈরী হওয়ায় এবং অল্প কিছু স্থানে বাধাজনিত কারণে বিদ্যুতায়ন কাজ অদ্যাবধি সম্পন্ন না হওয়ায় সে সকল এলাকায় ০১/০২ পোল স্থাপন পূর্বক আগামী ৩১ আগস্টের মধ্যে ঘরে ঘরে বিদ্যুৎ নিশ্চিতকরণের লক্ষ্যে মাইকিং, লিফলেট বিতরণ, ব্যানার স্থাপন, ফেসবুকে এবং ফেইসবুকে বিজ্ঞাপনের মাধ্যমে যারা এখনও আবেদন করেননি তাদের আবেদন গ্রহণ করে সংযোগ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। আগস্ট মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাত বার্ষিকীতে আগস্ট মাসকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সকল শ্রেণীর গ্রাহকগণকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার লক্ষ্যে রাইট অব ওয়ে, কাজের স্বার্থে শাটডাউন প্রদান সহ সকল প্রকার লাইন রক্ষণাবেক্ষণ কাজ বন্ধ রাখা হয়েছে। এছাড়া যে কোন জরুরী পরিস্থিতিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রতিটি জোনাল অফিসসহ সকল অভিযোগ কেন্দ্রে প্রয়োজনীয় পরিমাণ ট্রান্সফরমার, মিটার, তার ইত্যাদি বৈদ্যুতিক সরঞ্জাম মজুদ রাখা হয়েছে যাতে কোন ধরনের বিদ্যুৎ বিভ্রাট দেখা দিলে তা দ্রুততার সাথে ত্রুটি নিরসন করে স্বল্প সময়ে বিদ্যুৎ সরবরাহ চালু করা যায়। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কাজে সহযোগীতা করুন